

“সদস্যদের আচরন সম্পর্কিত বিধিমালা-২০১০”

“সংগঠন সম্পর্কিত বিধিমালা -২০১০”এর ২নং আইনের (জ)১নং ধারার ক্ষমতাবলে এই বিধিমালা প্রণীত হইল।

১. শিরোনামঃ- এই বিধিমালা “সদস্যদের আচরন সম্পর্কিত বিধিমালা ২০১০” এর নামে অভিহিত হইবে।

২. সঙ্গাঃ- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়ঃ-

- ক. যেহেতু সংগঠনের প্রত্যেক সদস্যই একজন সন্মানিত সেহেতু তাদের প্রতি সংগঠন এবং সংগঠনের প্রত্যেক সদস্যই সন্মান প্রদর্শন করিবেন।
- খ. সংগঠনে সবাই সন্মানিত বিধায় এখানে আত্মীয়, বন্ধু-বান্ধব ইত্যাদি সম্পর্ক প্রযোজ্য নহে।
- গ. সংগঠনের সবাই সন্মানিত বিধায় প্রত্যেক সদস্যই, সন্মানিত সদস্যদের প্রতি সন্মানজনক ভাষা প্রয়োগ করিবে।
- ঘ. সংগঠনের কায়াসভা চলাকালীন সময় একজন সদস্য অন্য সদস্যকে কটুক্তি বা ব্যাঙ্গাত্মক কথা বলতে পারবে না। যা কিছু হবে আলোচনা স্বাপেক্ষে।
- ঙ. সংগঠনের কার্য সভায় কোন সদস্যই এমন কোন আচরন করবে না যা সবার চোখে অশালীন।
- চ. কার্য সভা চলার সময় এমন কোন আচরন করা যাবে না যা ঔ মনুষ্যের বিসংজ্ঞতার সৃষ্টি করে।
- ছ. কার্য সভা চলার সময় মোবাইল ফোনের সাউন্ড বন্ধ রাখতে হবে।
- জ. কোন সভায়ই রাজনৈতিক কোন বিষয়ে আলোচনা করা যাবে না।
- ঝ. সংগঠনের কার্য সভায় যেসব বিষয়ে আলোচনা চলবে সে সব বিষয় ব্যতিত অন্য অপ্রাসঙ্গিক কোন বিষয়ে আলোচনা করা যাবে না।
- ঞ. সংগঠনে যেহেতু সবারই মতামত প্রদানের অধিকার আছে সেহেতু একজন সদস্য কথা বলার সময় আরেকজন কথা বলতে পারবে না।
- ট. কার্য সভা চলার সময় অযথা কেউ বাহিরে যাতায়াত করিতে পারিবে না।
- ঠ. উপরোক্ত শর্তগুলোর এক বা একাধিক শর্ত যদি কোন সদস্য লংঘন করেন তাহলে সংগঠন তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বাধ্য থাকিবে।